

স্কুলে ভর্তি

মনে রাখবেন, ২০১১ থেকে ২০২০ সালের মধ্যে জন্ম নেওয়া শিশু ও কিশোর-কিশোরীদের অবশ্যই বাধ্যতামূলকভাবে স্কুলে পড়াশোনা করতে হবে।

ভর্তির তারিখ ও পদ্ধতি - প্রথম শ্রেণি (CLASSI PRIME)



প্রাথমিক বিদ্যালয় (Scuola primaria): ২০২০ সালে জন্মগ্রহণকারী



মাধ্যমিক বিদ্যালয়: ২০১৫ সালে জন্মগ্রহণকারী



উচ্চ মাধ্যমিক বিদ্যালয়: ২০১২ সালে জন্মগ্রহণকারী



২০২৬/২৭ শিক্ষাবর্ষের জন্য ভর্তি আবেদন ১৩/০৮/২০২৬ থেকে ১৪/০২/২০২৭ পর্যন্ত

খোলা থাকবে এবং আবেদন অনলাইনে, ওয়েবসাইটে করা হবে

<https://unica.istruzione.gov.it/portale/it/orientamento/iscrizioni>



সতর্কতা: প্রি-স্কুল/শিশু বিদ্যালয় (৩/৬ বছর - বাধ্যতামূলক নয়) এর জন্য সরাসরি একটি স্কুলে যোগাযোগ করতে হবে।



অনলাইনে ভর্তি করতে সমস্যা হলে, আপনি যে স্কুলটি বেছে নিয়েছেন তার সেক্রেটারিয়েট/অফিসে যোগাযোগ করতে পারেন।



আপনার সন্তান যদি বছরের যেকোনো সময়ে ইতালিতে আসে, তাহলে আপনাকে সবসময় সরাসরি একটি স্কুলে যোগাযোগ করে ভর্তি চাইতে হবে।



আপনার এমন সন্তান যদি থাকে যারা ইতিমধ্যে স্কুলে পড়ে, তাহলে আপনাকে কিছু করতে হবে না: পরবর্তী বছরের ভর্তি (প্রথম শ্রেণি ছাড়া) স্বয়ংক্রিয়ভাবে হয়।

কোন স্কুলে যোগাযোগ করতে হবে?



আপনার সন্তান যদি ২০১৩ থেকে ২০২০ সালের মধ্যে জন্মগ্রহণ করে, তাহলে আপনাকে একটি **ISTITUTO**



COMPENSIVO-তে যোগাযোগ করতে হবে (শিশু বিদ্যালয়/প্রি-স্কুল, প্রাথমিক বিদ্যালয়, প্রথম স্তরের মাধ্যমিক বিদ্যালয়)।



আপনার সন্তান যদি ২০১১ বা ২০১২ সালে জন্মগ্রহণ করে, তাহলে আপনাকে একটি **ISTITUTO SUPERIORE**-তে যোগাযোগ



করতে হবে (দ্বিতীয় স্তরের মাধ্যমিক বিদ্যালয়)।

কোন কোন ডকুমেন্ট লাগবে?



ভর্তির জন্য শিক্ষার্থীর পরিচয়পত্র (**CARTA D'IDENTITÀ**) এবং কর কোড (**CODICE FISCALE**) লাগে, তবে এগুলো না থাকলেও স্কুল তবুও ভর্তি গ্রহণ করতে পারে।



আপনার সন্তান যদি জন্মদেশে আগে স্কুলে পড়ে থাকে, তাহলে সম্ভব হলে স্কুলে আগে করা পড়াশোনার/শিক্ষার ডকুমেন্টও জমা দিন।

পারমেন্সেসা দি সোঝনো লাগবে না।



USRLIGURIA
UFFICIO SCOLASTICO REGIONALE
Ambito territoriale della Spezia